# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

## আবশ্যক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসিউরেন্স সেল (IQAC)-এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে কর্মকর্তা পদের জন্য বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে এবং কর্মচারী পদের জন্য সাদা কাগজে লিখিত আবেদনপত্র আহ্বান করা যাইতেছে ঃ

### কর্মকর্তা পদ

১। সহকারী পরিচালক (প্রশাসন)-এর **১টি** স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ২৯০০০-৬৩৪১০/-

২। পার্সোনাল অফিসার টু ডাইরেক্টর-এর **১টি** স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ১৬০০০-৩৮৬৪০/-

### কর্মচারী পদ

৩। এল.ডি.এ. কাম-কম্পিউটার অপারেটর-এর **১টি** স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ৯৩০০-২২৪৯০/-

৪। এম.এল.এস.এস.-এর **১টি** স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ৮২৫০-২০০১০/-

### উল্লিখিত পদসমূহের আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ঃ ০৬/০১/২০১৯

১। সহকারী পরিচালক (প্রশাসন) পদের নির্ধারিত যোগ্যতা ঃ প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/ বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হইতে মাস্টার্স ডিগ্রিধারী অথবা বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী এবং কোন বিশ্ববিদ্যালয়/ সরকারি/ স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির কর্মকর্তা (জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৯ম গ্রেড ও তদুর্দ্ধ) হিসাবে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এবং ডাটাবেস (MS-Office)-এর কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। সেল্ফ এসেসমেন্ট, অ্যাক্রিডিটেশন/ কোয়ালিটি অ্যাস্যুরেন্স কাজে বিশ্ববিদ্যালয়/শিক্ষা বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠানের অভিজ্ঞতা সম্পন্ন হইলে অগ্রাধিকার প্রদান করা যাইতে পারে।

২। পার্সোনাল অফিসার টু ডাইরেক্টর পদের নির্ধারিত যোগ্যতা ঃ প্রার্থীকে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে স্নাতক/স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি প্রাপ্ত এবং সরকারি/আধাসরকারি/স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রশাসনিক কাজে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এবং ডাটাবেস (MS-Office)-এর কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। কোয়ালিটি অ্যাস্যুরেন্স-এর কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা যাইতে পারে।

৩। এল.ডি.এ. কাম-কম্পিউটার অপারেটর পদের নির্ধারিত যোগ্যতা ঃ প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি সমমানের পরীক্ষায় পাশসহ কমপক্ষে প্রতি মিনিটে বাংলা ২৫টি ও ইংরেজীতে ৩৫টি শব্দ কম্পিউটারে কম্পোজ করার দক্ষতাসম্পন্ন হইতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ (MS-Office)-এ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

৪। এম.এল.এস.এস. পদের নির্ধারিত যোগ্যতা ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

বিঃদ্রঃ- ক্রমিক নং ১ হইতে ৩ পর্যন্ত পদে প্রার্থীর শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণ যোগ্য নয়। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণি) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যাহারা এই বিশ্ববিদ্যালয়ে নিয়োগপ্রাপ্ত হইয়াছেন অথবা ডিগ্রি অর্জন করিয়াছেন তাহাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হইবে না।

**কর্মকর্তা পদের জন্য প্রযোজ্যঃ-** এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত (REG-2) ফরমে সকল অতীত ও বর্তমান চাকুরীর পদমর্যাদা, বেতন স্কেল ও তারিখ উল্লেখ পূর্বক রেজিস্ট্রার-এর বরাবরে আবেদনপত্র ১০ সেট জমা দিতে হইবে। তন্মধ্যে ১ সেটের সাথে ৩ (তিন) কপি সত্যায়িত ছবি এবং কম্পট্রোলার BUET-এর অনুকূলে প্রদেয় ৳ঃ ৭৫০/-(সাত শত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অথবা কম্পট্রোলার অফিস কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক বুয়েট শাখায় নগদ টাকা জমা প্রদান পূর্বক, টাকার রশিদ সংযুক্ত করিতে হইবে। প্রত্যেক সেটের সাথে আবেদনপত্র/ Forwarding Letter-সহ সকল সার্টিফিকেট, টেস্টিমোনিয়েল, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট এবং অভিজ্ঞতার সার্টিফিকেট-এর সত্যায়িত কপি (সকল কাগজপত্র বাঁধাইকৃত সেট) সংযুক্ত করিতে হইবে। অসম্পূর্ণ, ভুল তথ্যসম্বলিত এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

বেসরকারি বিশ্ববিদ্যালয়/বিদেশী ডিগ্রিধারী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/অফিস কর্তৃক যথানিয়মে ইকুয়িভ্যালেন্স সম্পাদন করিতে হইবে। REG-2 ফরম এই বিশ্ববিদ্যালয়ের Web Site (regoffice.buet.ac.bd)-এর download page এবং কর্মকর্তা পদের Q.T. Vacancy-এর Job Circular page হইতে সংগ্রহ করা যাইবে। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার যাতায়াত বা দৈনিক ভাতা দেওয়া হইবে না। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

**কর্মচারী পদের জন্য প্রযোজ্য ঃ** বাংলায় নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, অভিজ্ঞতা, জন্ম তারিখ ও মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখ পূর্বক ভোটার আইডি কার্ড, জন্ম নিবন্ধন সনদসহ সকল প্রকার সনদপত্রের সত্যায়িত কপি ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবিসহ কম্পিউটারে মুদ্রিত দরখাস্ত রেজিস্ট্রার-এর বরাবরে পৌঁছাইতে হইবে। প্রার্থীত পদের নাম, অফিস/ বিভাগের নাম আবেদন পত্রে সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

কম্পট্রোলার, BUET-এর অনুকূলে ৩ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ৳ঃ ৩০০/- (তিনশত) টাকার এবং ৪ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ৳ঃ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/ পেঅর্ডার (ঢাকা মহানগরীর যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখার উপর জারীকৃত) অথবা কম্পট্রোলার অফিস কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক বুয়েট শাখায় নগদ টাকা জমা প্রদান পূর্বক টাকার রশিদ সংযুক্ত করিতে হইবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/ বাতিল/ পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

০৯/১২/১৮

(অধ্যাপক ডঃ এস.এম. মাহবুবুর রহমান)
রেজিস্ট্রার (অঃ দাঃ)
তারিখঃ ০৯/১২/২০১৮

নং সংস্থা/ব-৫৯/৮৩৯১৯/রে-৩০৭৬(৮০)

বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) ঃ-

১। পরিচালক, ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসিউরেন্স সেল (IQAC), বাঃ প্রঃ বিঃ, ঢাকা।